

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৪৫. কোন পশুর পিঠকে কারোর বক্তব্যের মঞ্চরূপে ব্যবহার করা

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِيَّاكُمْ أَنْ تَتَّخِذُوْا ظُهُوْرَ دَوَابِّكُمْ مَنَابِرَ ؛ فَإِنَّ اللهَ إِنَّمَا سَخَّرَهَا لَكُمْ لِتُبَلِّغَكُمْ إِلَى بَلَدٍ لَمْ تَكُوْنُوْا بَالِغِيْهِ إِلاَّ بِشِقِّ الْأَنْفُسِ ، وَجَعَلَ لَكُمُ الْأَرْضَ فَعَلَيْهَا فَاقْضَوُا حَاجَتَكُمْ

"তোমরা যে কোন পশুর পিঠকে মিম্বার হিসেবে ব্যবহার করা থেকে অবশ্যই বিরত থাকবে। কারণ, আল্লাহ্ তা'আলা উক্ত পশুগুলোকে এ জন্যই তোমাদের অধীন করে দিয়েছেন যে, যেন তোমরা সেগুলোর মাধ্যমে এমন এলাকায় পৌঁছুতে পারো যেখানে পৌঁছা এগুলো ছাড়া তোমাদের জন্য খুবই কষ্টকর হবে। এ দিকে আল্লাহ্ তা'আলা তোমাদের জন্য জমিন সৃষ্টি করেছেন। অতএব তোমরা সেখানেই তোমাদের সকল প্রয়োজন পূরণ করো"।[1]

>

ফুটনোট

[1] (আবু দাউদ, হাদীস ২৫৬৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11395

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন